

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫১১.২০১৭- ২৫৫০

তারিখ ৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং-১৭১২৩/২০১৭ [মোঃ জহির উদ্দিন, পিতা-মৃতঃ খহির প্রামাণিক, গ্রাম- গোপালপাড়া, পোঃ ধোকরাকুল উপজেলা- পুঠিয়া, জেলা-রাজশাহী ও অন্যান্য ৩ জন বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২৯.১১.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত কলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার ভালুকগাছি ও শিলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান ও সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনে সদস্য পদে নির্বাচনের জন্য ১৩-১১-২০১৭ তারিখের যথাক্রমে ২১৮ ও ২১৯ স্মারকে জারীকৃত গণ-বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে সচিব মহোদয়সহ ১১ (এগার) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে তর্কিত গণ-বিজ্ঞপ্তি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত আদেশের তারিখ হতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করেছেন এবং ২৪-৮-২০০৪ তারিখের পত্রের ধারাবাহিকতায় গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের সকল পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশ দিয়েছেন। রীট পিটিশন নং ১৭১২৩/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।

  
(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

১. জেলা প্রশাসক, রাজশাহী।
২. জেলা নির্বাচন কর্মকর্তা, রাজশাহী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (ইউপি-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।